

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.৬৮.২০২১-১১২১

তারিখ: ২২ ভাদ্র ১৪২৮

০৬ সেপ্টেম্বর ২০২১


বিষয়: রিট পিটিশন নং-১৬০৪/২০২১ এর রুল ও আরজির আলোকে প্রাপ্ত দফাওয়ারী জবাব ও আনুসঙ্গিক
কাগজপত্র প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ-এর স্মারক নং-৬৬৩, তারিখ-০৮/০৭/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে মানিকগঞ্জ জেলার সদর উপজেলাধীন ভাড়ারিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: আব্দুল কাদের-কে স্থায়ী পদ হতে সাময়িক বরখাস্ত করার নিমিত্ত ২৫/০১/২০২১ তারিখের ১০৭ নং স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিলের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ০৪ (চার) জনকে প্রতিপক্ষ এই রিট পিটিশন নং-১৬০৪/২০২১ দায়ের করা হয়েছে। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে ০৩ (তিন) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। উক্ত রিট পিটিশন এ সরকার পক্ষে মামলা পরিচালনা করার জন্য এ বিভাগের গত ২০/০৫/২০২১ তারিখের ৬৯১ নং স্মারকে বিজ্ঞ সলিসিটর-কে দায়িত্ব প্রদান করা হয় এবং একই তারিখের ৬৯০ নং স্মারকে জেলা প্রশাসক, মানিকগঞ্জ এর নিকট দফাওয়ারী জবাব চাওয়া হয়। তদপ্রেক্ষিতে দফাওয়ারী জবাব ও আনুসঙ্গিক কাগজপত্র পাওয়া গেছে।

০২। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৬০৪/২০২১ এর রুল ও আরজির আলোকে প্রাপ্ত দফাওয়ারী জবাব ও আনুসঙ্গিক কাগজপত্র পরবর্তী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১



৬-৯-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.৬৮.২০২১-১১২১/১(৪)


তারিখ: ২২ ভাদ্র ১৪২৮

০৬ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) যুগ্মসচিব, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

- ২) উপসচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর , স্থানীয় সরকার বিভাগ
- ৪) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



৬-৯-২০২১
মোঃ মহিউদ্দীন শামীম
সহকারী সচিব